**৪. জলিল মিয়া ৫ সপ্তাহে ৩৮০ টাকা সঞ্চয় করলে একই হারে তিনি কত সপ্তাহে এ টাকার ২.৬ গুণ সঞ্চয় করবেন?** *[এন এস আই(জুনিয়র ফিল্ড অফিসার)-২০১৯]*

ক. ১০ সপ্তাহে খ. ১১ সপ্তাহে গ. ১২ সপ্তাহে ঘ. ১৩ সপ্তাহে উত্তর: ঘ

**সমাধান:** ৩৮০ × ২.৬ = ৯৮৮ টাকা

৩৮০ টাকা সঞ্চয় করেন = ৫ সপ্তাহে

∴ ৯৮৮ " " " $\frac{৫ \times ৯৮৮}{৩৮০}$ " = ১৩ সপ্তাহে

**মুখে মুখে: ৫ সপ্তাহের ২.৬ গুণ = ৫×২.৬ = ১৩ সপ্তাহ।**

**৫. ১৮টি ছাগলের দাম ৪টি গরুর মূল্যের সমান হলে ৪৫টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?** *[ PETROBANGLA – (UDA)-2017]*

ক. ৭টি খ. ৮টি গ. ৯টি ঘ. ১০টি উত্তর: ঘ

**সমাধান:**

১৮ টি ছাগলের পরিবর্তে পাওয়া যায় = ৪ টি গরু [এখানে অনুপাত ১৮:৪ = ৯:২]

∴ ১ " " " " " = $\frac{৪}{১৮}$ " "

∴ ৪৫ টি " " " " = $\frac{৪৫ \times ৪}{১৮}$ = ১০টি । [১ম লাইনের ৯:২ হিসেবে ৯=৪৫ হলে ২ = ১০ অর্থাৎ ৪৫: **১০টি** ]

**৬. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান । ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?** *[বাংলাদেশ রেলওয়ে-(খালাসী)-২২]*

ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ১০টি উত্তর: ক

**৭. প্রতি কেজি চালের মূল্য ৩২ টাকা এবং প্রতি কেজি গমের মূল্য ১১ টাকা হলে ১৬০ কেজি গমের মূল্যে কত কেজি চাল কেনা যাবে?** *[চট্টগ্রাম বন্দরের নিয়োগ-২০১৭]+ [বেজা (উপ: সহ: প্রকৌশলী)-২০২৪]*

ক.৬০ কেজি খ.৫৫ কেজি গ.৪৭কেজি ঘ.৬২ কেজি উত্তর: খ

**কয়েকটি পণ্যের মূল্য দেয়া থাকলে এবং এদের সাথে অন্য কয়েকটির তুলনা করা থাকলে:**

**৮. ৫টি গরুর মূল্য ১৫টি ছাগলের মূল্যের সমান। ১টি গরুর মূল্য ৬০০০ টাকা হলে ১টি ছাগলের মূল্য কত টাকা হবে?** *[পল্লী বিদ্যুৎ সমিতি (মিটার রিডার)-২০২৪]*

ক. ৩০০০ খ. ২৫০০ গ. ২০০০ ঘ. ২২০০ উত্তর: গ

**সমাধান:** ৫টি গরুর মূল্য = ৫×৬০০০ = ৩০০০০ টাকা সুতরাং ১৫টি ছাগলের মূল্য ও এই ৩০০০০ টাকা

∴ ১টি ছাগলের মূল্য = $\frac{৩০০০০}{১৫}$ = **২০০০ টাকা।**

**৯. ১৫টি খাসির মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০,০০০টাকা হলে ২টি খাসির মূল্য কত?** *(সহ:শিক্ষক: ১০)*

ক. ১০০০০ টাকা খ.১২০০০টাকা গ. ১৪০০০ টাকা ঘ. ১৫০০০ টাকা উত্তর: ক

**সমাধান:** এখন ২টি গরুর মূল্য ৩০,০০০টাকা হলে ১টির মূল্য ১৫০০০, তাহলে ৫টি গরুর মূল্য ১৫০০০×৫ = ৭৫০০০টাকা,

এখন ১৫টি খাসির মূল্যও = ৭৫০০০ টাকা (প্রশ্নানুসারে)

১টি খাসির মূল্য = ৭৫০০০ ÷১৫ = ৫০০০ টাকা ২টি খাসির মূল্য = ৫০০০×২ = ১০০০০ টাকা। উত্তর: ১০০০০ টাকা।

**মুখে মুখে:** খাসি : গরু = ১৫টি : ৫টি = (৩:১)×২ = ৬:২ অর্থাৎ ৬টি খাসির মূল্য = ২টি গরুর মূল্য = ৩০০০০ টাকা।
তাহলে ২টি গরুর মূল্য হবে ৬টি খাসির মূল্য ৩০০০০ টাকার ১/৩ অংশ = **১০০০০ টাকা।**
**পরামর্শ:** এভাবে ভাবতে গেলে শুরুতে মাথা গরম হলেও অনেকগুলো প্রশ্ন সমাধান করলে দ্রুত ভাবতে পারবেন।

**১০.৩ টি ঘোড়ার দাম ৫ টি গরুর দামের সমান এবং ৩ টি গরুর দাম ৫ টি গাধার দামের সমান। ১৫ টি ঘোড়ার দাম মোট ৯০০০ টাকা হলে ১০ টি ঘোড়া, ১০ টি গরু ও ১০ টি গাধার দাম একত্রে কত?** *[CGDF এর জুনিয়র অডিটর ২০১৯]*

ক. ৯৬০০ টাকা খ. ১০০৪০ টাকা গ. ১১০৪০ টাকা ঘ. ১১৭৬০ টাকা উত্তর: ঘ

[ **Note:** ১টি করে ঘোড়া, গরু এবং গাধার দাম বের করে ১০ দিয়ে গুণ করলেই উত্তর বের হয়ে যাবে।]

CamScanner

